



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.brahmanbaria.gov.bd

নং:০৫.৪২.১২০০.০০০.০৯.০০১.২৩-৬৩০

তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ খ্রি:

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মো: শাহগীর আলম, জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার- শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) দফা অনুসারে ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে, (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

(মো: শাহগীর আলম)

জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন


২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩

ফোন: ০২৩৩৪৪২৭৭১২

dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ০৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ০৪। উপ-মহা পুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ০৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৬। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৮। অধিনায়ক, ২৫ বিজিবি, কালিকচ্ছ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
- ০৯। অধিনায়ক, র‍্যাব ০৯, সিলেট
- ১০। জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ব্রাহ্মণবাড়িয়া
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়সহ উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)
- ১৩। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া (উল্লিখিত নির্বাচনি এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ১৪। একান্ত সচিব, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ১৫। একান্ত সচিব, নির্বাচন কমিশনার (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
- ১৬। উপজেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
- ১৭। অফিসার ইনচার্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর থানা, ব্রাহ্মণবাড়িয়া
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ব্রাহ্মণবাড়িয়া
- ১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া
- ২০। অফিস নোটিস বোর্ড


জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন: ০২৩৩৪৪২৭৭১২